মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নম্বর-৪২, খাগডহর বাজার, সদর, ময়মনসিংহ
ফোনঃ ০২৯৯৭৭১০৭৬১, Email: chairmanbisemmym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নম্বর-মশিবো/কলেজ/নোটিশ/২০২৬/৩৪০৭ তারিখ: ২০/০৮/২০২৬খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর গত ১৬/০৩/২০২৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৪১ নং স্মারকের পরিপত্র মোতাবেক যে সমস্ত প্রতিষ্ঠানে অদ্যাবধি এডহক কমিটি গঠন করা হয়নি, সে সমস্ত প্রতিষ্ঠানে বর্ণিত পত্রের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিয়মিত কমিটি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

২০/০৮/২৬

(প্রফেসর আ.জ.ম. রেজাউল করিম খান)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

প্রাপক:
অধ্যক্ষ/অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)/প্রধান শিক্ষক
এই বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

২০.০৮.২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৪১

তারিখ : ০২ চৈত্র ১৪৩২ / ১৬ মার্চ ২০২৬

পরিপত্র

বিষয়: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী এডহক কমিটি গঠন সংক্রান্ত।

গত ১০.০৩.২০২৬ তারিখের নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গর্ভনিং বডি/ ম্যানেজিং কমিটি/এডহক কমিটি গঠন বিষয়ে মতবিনিময় সভার সিদ্ধান্ত অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (৩১ আগস্ট ২০২৫ তারিখের সংশোধনী) এর ঢাকা শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৫(২) এবং অন্যান্য শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৪(২) প্রবিধি অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি গঠনের ক্ষেত্রে শিক্ষা বোর্ডসমূহকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

(ক) এডহক কমিটির সভাপতি: শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটির সভাপতির সাধারণ শিক্ষাগত যোগ্যতা স্নাতক পাশ বা সমমান হবে। আবশ্যক ক্ষেত্রে এডহক কমিটির সভাপতি নির্ধারণের ক্ষেত্রে ব্যক্তির শিক্ষা প্রসার ও উন্নয়নে বিশেষ অবদান বা অন্য কোনো বিশেষ যোগ্যতা সাপেক্ষে মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

(খ) এডহক কমিটির সভাপতি মনোনয়ন: এডহক কমিটির সভাপতি মনোনয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, মহানগরের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার এবং অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসকের মাধ্যমে সংশ্লিষ্ট জেলা বা উপজেলার সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রথম শ্রেণির কর্মচারী, অবসরপ্রাপ্ত শিক্ষাবিদ, স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তি বা শিক্ষায় আগ্রহী স্থানীয় খ্যাতিমান ব্যক্তি/ সমাজসেবক, স্থানীয় সংশ্লিষ্ট বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতার মধ্য হইতে ৩ (তিন) জন ব্যক্তির নাম ও জীবনবৃত্তান্ত সংবলিত প্রস্তাব শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন। শিক্ষা বোর্ড প্রস্তাবিত ব্যক্তিগণের মধ্য হইতে একজনকে সভাপতি মনোনীত করিবেন।

২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৬.০৩.২৬

(সাইয়েদ এ.জেড. মোরশেদ আলী)
উপসচিব
ফোন: ৯৫৪৫০৩২
nongovt.secondary.sec1@shed.gov.bd

চলমান পাতা-২

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৪১

তারিখ : ০২ চৈত্র ১৪৩২ / ১৬ মার্চ ২০২৬

বিতরণ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/বিশ্ববিদ্যালয়/উন্নয়ন/মাধ্যমিক-১/২/কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার (সকল) ----------।
৪. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল /কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর /ময়মনসিংহ **(পরিপত্রের নির্দেশনা অনুযায়ী জরুরীভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)**।
৮. যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক/সরকারি মাধ্যমিক/অডিট/আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১০. জেলা প্রশাসক ----------(সকল)।
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
১২. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১৩. উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল)।
১৪. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়।
১৫. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..... (সকল অঞ্চল) ।
১৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক .....।
১৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ..... (সকল অঞ্চল)।
১৮. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. জেলা শিক্ষা অফিসার..... ..... (সকল) ।
২০. জেলা একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ---------- (সকল)।
২১. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ..... (সকল)।
২২. অফিস কপি।

১৬.০৩.২৬

(সাইয়েদ এ.জেড. মোরশেদ আলী)
উপসচিব